DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 05:30 PM

সারাদেশ

টাঙ্গুয়ার হাওরে ইলেকট্রিক শট দিয়ে মাছ শিকার, সরঞ্জাম জব্দ

প্রতিবেদক: সুনামগঞ্জ প্রতিনিধি
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০১ অক্টোবর ২০২৬, ০৬:২১ PM



সুনামগঞ্জের তাহিরপুরে টাঙ্গুয়ার হাওরে অভিযান চালিয়ে ইলেকট্রিক শট দিয়ে মাছ শিকারের সরঞ্জাম জব্দ করেছে রুপনগর আনসার ক্যাম্পের সদস্যরা।

বৃহস্পতিবার (১ অক্টোবর) টাঙ্গুয়ার হাওরের বিভিন্ন এলাকায় উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মিজ্ রিপামনি দেবীর নির্দেশনায় এ অভিযান পরিচালনা করা হয়।

এ সময় ইলেকট্রিক শট দিয়ে মাছ শিকারের কাজে ব্যবহৃত তিনটি ১২ বোল্টের ব্যাটারী, ইলেকট্রনিক নেট জালসহ অন্যান্য সরঞ্জাম দেখতে পেয়ে তা জব্দ করা হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, টাঙ্গুয়ার হাওরের জীববৈচিত্র্য ও দেশীয় মাছের প্রজনন রক্ষায় অবৈধভাবে মাছ শিকার বন্ধে প্রশাসনের পক্ষ থেকে নিয়মিত নজরদারি করা হচ্ছে। এরই অংশ হিসেবে হাওরের বিভিন্ন এলাকায় অভিযান জোরদার করা হয়েছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মিজ্ রিপামনি দেবী বলেন, টাঙ্গুয়ার হাওরের জীববৈচিত্র্য রক্ষা ও অবৈধভাবে মাছ শিকার বন্ধে উপজেলা প্রশাসনের নজরদারি অব্যাহত রয়েছে। নিষিদ্ধ পদ্ধতিতে মাছ শিকার কোনোভাবেই মেনে নেওয়া হবে না। হাওরের পরিবেশ ও মৎস্যসম্পদ রক্ষায় সবাইকে সহযোগিতা করতে হবে।

স্থানীয় বাসিন্দারা বলেন, টাঙ্গুয়ার হাওরের মাছ ও জীববৈচিত্র্য রক্ষায় এ ধরনের অভিযান নিয়মিত পরিচালনা করা প্রয়োজন।টাঙ্গুয়ার হাওরের সম্পদ রক্ষায় সকলকে একসাথে কাজ করতে হবে।

এ বিভাগের আরও খবর



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০

বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...



নিখোঁজের ৪৮ ঘণ্টা পর কুয়াকাটা সৈকতে মিলল বিচারক ফারহান নাদীমের সন্ধান

নিখোঁজের প্রায় ৪৮ ঘণ্টা পর পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত থেকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের সিনিয়র সহকারী জজ শেখ ফারহান নাদীমকে উদ্ধার করে...



বিশ্বম্ভরপুরে ১ লাখ ২৫ হাজার ভারতীয় বিড়ি উদ্ধার, গ্রেপ্তার ৫

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে ১ লাখ ২৫ হাজার ৯৫০টি ভারতীয় বিড়ি ও চারটি মোটরসাইকেল জব্দ করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/tangguyar-haore-ilektrik-sht-diye-machh-shikar-srnjam-jbd